

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিসমিল্লাহির রাহমানির রাহীম

নাহমাদুহু ওয়া নুসাল্লী আলা রাসুলিহিল কারীম

হজ্জের গুরুত্ব ও ফাজায়েল :

শাহাদাতাইন, নামাজ, রোজা ও যাকাত যেমন ইসলামের স্তম্ভ তদ্রূপ হজ্জ ও ইসলামের একটি স্তম্ভ । যার কাছে নিত্য প্রয়োজনীয় সম্পদ ছাড়া হজ্জের উদ্দেশ্যে মক্কা শরীফ পর্যন্ত যাওয়া-আসা এবং তার অনুপস্থিতিতে তার পরিবারের খরচের অর্থ আছে তার উপর হজ্জ ফরজে আইন । আল্লাহ তায়ালা বলেনঃ

وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا

وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنِ الْعَالَمِينَ

“আল্লাহর ঘর পর্যন্ত পৌঁছতে সক্ষম ব্যক্তির উপর

হজ্জ করা আল্লাহর প্রাপ্য (ফরজ) । আর যে লোক তা মানে না আল্লাহ সারা বিশ্বের কোন কিছুরই পরোয়া করেন না ।”

হজ্জ করতে সক্ষম ব্যক্তিকে বিলম্ব না করে হজ্জ করে নেয়ার জন্য রাসূলে কারীম (সঃ) তাকীদ করেছেন । সুতরাং হজ্জ ফরজ হওয়ার সাথে সাথে (বিশেষ কোন অসুবিধা না থাকলে) আদায় করে নেয়া ওয়াজিব ।

“সামর্থ্য থাকা সত্ত্বেও যে ব্যক্তি হজ্জ করলোনা তার জন্য মুসলমান অবস্থায় কিংবা খৃষ্টান অথবা ইয়াহুদী হয়ে মৃত্যু বরণ করার মধ্যে কোন পার্থক্য নেই ।” -

আল হাদীস

হাদীস শরীফে আছে

مَنْ حَجَّ فَلَمْ يَرْفُثْ وَلَمْ يَفْسُقْ خَرَجَ مِنْ ذُنُوبِهِ كَيَوْمِ كَيْدَتِهِ أُمِّهِ

“যে ব্যক্তি শুধু মাত্র আল্লাহর সন্তুষ্টি লাভের